সংবাদ

তারিখ ...... 9 APR 2003
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ......

# বিভিন্নস্থানে এসএসসি পরীক্ষায় ৭৯ জন বহিস্কার

**বদলগাছী (নওগাঁ) থেকে সংবাদদাতা জানান,** শনিবার অংক পরীক্ষার দিনে বাদলগাছীতে ব্যাপক নকল চললেও কেউ বহিস্কার হয়নি। একজন পরীক্ষা পরিদর্শক নকলসহ একটি খাতা আটক করলে সংশ্লিষ্ট কেন্দ্রের মাদ্রাসা কর্তৃপক্ষের সঙ্গে বাক-বিতণ্ডা হয়। পরে পুনরায় খাতাটি ছেড়ে দেয়া হয়। বিষয়টি নিয়ে কিছুক্ষণের জন্য হলেও অফিস কক্ষে তুলকালামকাণ্ড শুরু হয়। পরবর্তীতে বিষয় ধামাচাপা দেয়া হয়। এ পর্যন্ত দাখিল পরীক্ষায় ১৫ জন ছাত্রছাত্রীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্কার করা হয়।

**কাপাসিয়া (গাজীপুর) থেকে নিজস্ব সংবাদদাতা জানান,** শনিবার এসএসসি পরীক্ষার গণিত পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার কারণে ৬টি কেন্দ্র থেকে ১১ জনকে বহিস্কার করা হয়েছে। এদের মধ্যে সিংহশ্রী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৮ জন, হাইজোর উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১ জন, ঘাগুটিয়া চালা কেন্দ্রে ২ জনকে বহিস্কার করা হয়েছে।

**চলনবিল সিরাজগঞ্জ থেকে সংবাদদাতা জানান,** রায়গঞ্জের দুই আলিম পরীক্ষার্থী টাঙ্গাইলের কালিহাতি থানার বল্লা দাখিল পরীক্ষা কেন্দ্রে বদলি পরীক্ষা দিতে গিয়ে হাজতবাস করছে। গ্রেফতারকৃতরা হলো রায়গঞ্জ উপজেলার দেড়াগাতি গ্রামের বাদশার পুত্র আলামিন ও ধলজান গ্রামের জহুর আলীর পুত্র শফিকুল। এরা কালিহাতি থানার বেয়ারা মারোয়া দাখিল মাদ্রাসা থেকে বদলি পরীক্ষা দিয়ে যাচ্ছিল।

**কিশোরগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান,** এসএসসি ও দাখিল পরীক্ষায় জেলার বিভিন্ন কেন্দ্র থেকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য দুই জন শিক্ষকসহ ১৪ জনকে বহিস্কার করা হয়। এসএসসি পরীক্ষায় পাকুন্দিয়ায় ৬, হোসেনপুরে ৪, কটিয়াদীতে ১ ও করিমগঞ্জে ১ জনকে বহিস্কার করা হয়। এছাড়া মাদ্রাসা বোর্ডের অধীন দাখিল পরীক্ষায় দায়িত্বে অবহেলার কারণে কিশোরগঞ্জ কেন্দ্রে ২ জন শিক্ষককে ও পাকুন্দিয়ায় ১ জন ও কটিয়াদীতে ১ জনকে বহিস্কার করা হয়।

**গৌরীপুর (ময়মনসিংহ) থেকে নিজস্ব সংবাদদাতা জানান,** গৌরীপুরে শনিবার এসএসসি পরীক্ষায় গণিত বিষয়ে নকল করার দায়ে ৪ জনকে বহিস্কার করা হয়েছে। এদের মধ্যে শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে ৩ জন ও গৌরীপুর সরকারি রাজেন্দ্র কিশোর উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে ১ জনকে বহিস্কার করা হয়েছে।

**কেন্দুয়া (নেত্রকোনা) থেকে থানা প্রতিনিধি জানান,** গতকাল শনিবার অংক পরীক্ষা চলাকালীন সময় কেন্দ্রের বাইরে অংক পরীক্ষার প্রচণ্ডপত্র ফাঁস হওয়ার খবর ছড়িয়ে পড়ে। প্রশ্নপত্র ফাঁস হওয়ার বিষয়ে কেন্দুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, প্রশ্নপত্র ফাঁসের কোন ঘটনা ঘটেনি। তবে বিভিন্ন সূত্রে জানা যায়, একটি অসাধুচক্র শুক্রবার রাতেই অবৈধ মুনাফালোভী চক্র বিভিন্ন পরীক্ষার্থীর নিকট একটি ভুয়া প্রশ্নপত্রের ফটোকপি বিক্রি করে। যা চলতি পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে কোন মিল নেই।

**পীরগঞ্জ (রংপুর) থেকে সংবাদদাতা জানান,** গতকাল শনিবার অংক পরীক্ষায় নকল সরবরাহ নিয়ে মাদারগঞ্জ কেন্দ্রে পুলিশ ও বহিরাগতদের সঙ্গে ধাওয়া-পালটা ধাওয়ার ঘটনা ঘটেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, নকল সরবরাহে পুলিশ বাধা দিলে বহিরাগতরা পুলিশের প্রতি ইট-পাটকেল ছোড়ে। ফলে এ ঘটনা ঘটে। শনিবার অংক পরীক্ষায় পীরগঞ্জে মোট ৪০ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়। নকল সরবরাহের দায়ে ২ জন শিক্ষককে বহিস্কার করা হয়েছে জাফরপাড়া দাখিল পরীক্ষা কেন্দ্রে।

**নান্দাইল (ময়মনসিংহ) থেকে সংবাদদাতা জানান,** শনিবার নান্দাইলের ৪টি কেন্দ্রে এসএসসি গণিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১০ জনকে বহিস্কার ও ৫ জন পরীক্ষার্থীকে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট গ্রেফতার করে থানায় সোপর্দ করেন।